

## কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ (বারটান অংগ) প্রকল্প

### প্রকল্প পরিচিতি:

প্রকল্পের নাম	:	কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান অংগ)
উদ্যোগী মন্ত্রণালয়	:	কৃষি মন্ত্রণালয়
লীড এজেন্সী	:	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
প্রকল্প ব্যবস্থাপক (বারটান অংগ):	:	তাসনীমা মাহজাবীন

বারটান এর কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান অংগ) টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সাথে যৌথভাবে অনুমোদনকৃত প্রকল্প বা বাংলাদেশের ৪৯টি জেলার ১৫৫টি উপজেলায় বাস্তবায়িত হবে। উল্লেখ্য যে, উক্ত প্রকল্পে বাংলাদেশের অপুষ্টি ম্যাপ অনুযায়ী চর, হাওর, আদিবাসি অধ্যুষিত এলাকার মানুষের সুস্বাদু খাদ্য ও পুষ্টি চাহিদার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। পাশাপাশি ফসলের উৎপাদন, কৃষিকের আয় বৃদ্ধি এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে গুরুত্ব প্রদান করা হয়েছে।

### প্রকল্পের উদ্দেশ্য:

- প্রশিক্ষণের মাধ্যমে কৃষাণ-কৃষাণী, কর্মকর্তা-কর্মচারী ও সুবিধাভোগী জনগোষ্ঠীকে নিরাপদ কৃষি, ফলিত পুষ্টি ও আয়বর্ধক কার্যক্রম সম্পর্কে জ্ঞানের পরিধি ও দক্ষতা বৃদ্ধি;
- ফলিত পুষ্টি বিষয়ক স্কুল ক্যাম্পেইন এর মাধ্যমে ছাত্র/ছাত্রীদের পুষ্টি, খাদ্য নিরাপত্তা, নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধি;
- প্রশিক্ষক প্রশিক্ষণ (ToT) এর মাধ্যমে ফলিত পুষ্টি বিষয়ক প্রশিক্ষক তৈরী ও জ্ঞান এর প্রসার;
- বারটান এর ৭টি আঞ্চলিক কার্যালয়ে প্রাথমিক গবেষণাগার স্থাপন করে বিভাগীয় অঞ্চলে পুষ্টি উপাদান বিশ্লেষণের সুযোগ বৃদ্ধি; এবং
- প্রধান কার্যালয়সহ বারটান এর ৭টি আঞ্চলিক কার্যালয়ে ফলিত পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ হাতে কলমে প্রদানের লক্ষ্যে আদর্শ রান্নাঘর প্রস্তুত।